তারিখ 26 MAY 2015
পৃষ্ঠা 2 কলাম 1

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে সেশনজট নিরসনে নানা সিদ্ধান্ত

## ভর্তি পরীক্ষা ১ অক্টোবর

■ সমকাল প্রতিবেদক

জাতীয় বিশ্ববিদ্যালয়ে সেশনজট কমাতে বেশকিছু সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতকাল সোমবার সকালে জাতীয় বিশ্ববিদ্যালয় একাডেমিক ভবনের সিনেট হলে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদের সভাপতিত্বে একাডেমিক কাউন্সিলের ৮২তম সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়। এর অংশ হিসেবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজগুলোতে সম্মান প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আগামী ১ অক্টোবর অনুষ্ঠিত হবে। ১ ডিসেম্বরে ক্লাস শুরু করা হবে। এছাড়া ২০১৬ সালের নভেম্বর-ডিসেম্বরে এ বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠান আয়োজন করা হবে।

সভা সূত্র জানায়, এইচএসসি পরীক্ষার ফল প্রকাশের পর অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরুর আগেই জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা সম্পন্ন করা হবে। সে অনুযায়ী আগামী ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের অনার্স প্রথম বর্ষের ভর্তি কার্যক্রম ১ অক্টোবর শুরু হবে। এই সেশনে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ক্লাস শুরু হবে ১ ডিসেম্বর। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের গাজীপুরের মূল ক্যাম্পাসে দেড় বছর মেয়াদি 'মাস্টার অব অ্যাডভান্সড স্টাডিজ ইন লাইব্রেরি অ্যান্ড ইনফরমেশন সায়েন্স' বিষয়ে স্পেশাল মাস্টার্স ডিগ্রি প্রোগ্রাম চালু করারও সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

গতকাল একাডেমিক কাউন্সিলের এ সভায় অংশ নেন ইউআইটিএসের প্রোভিসি অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, ঢাকা টিচার্স ট্রেনিং কলেজের অধ্যক্ষ প্রফেসর স্বপন কুমার ঢালী, কুড়িগ্রাম ল কলেজের অধ্যক্ষ আব্রাহাম লিংকন, প্রফেসর ড. গাজী সালেহ উদ্দিন, অধ্যাপক ড. এস এম মাহফুজুর রহমান, অধ্যাপক মো. আবদুস সালাম হাওলাদার, তেজগাঁও কলেজের অধ্যক্ষ আবদুর রশীদ, অধ্যাপক ফজলুল হক, ঢাকা কলেজের অধ্যক্ষ তুহিন আফরোজা আলম প্রমুখ। এছাড়াও সভায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. আসলাম ভূঁইয়া, অধ্যাপক ড. মুনাজ আহমেদ নূর, কোষাধ্যক্ষ প্রফেসর মো. নোমান উর রশীদ ও ডিনবৃন্দ উপস্থিত ছিলেন।